দৈনিক
ইনকিলাব

তারিখ 7 JAN 2010
পৃষ্ঠা ২ কলাম ২

# এসএসসি ও এইচএসসি পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন বাধ্যতামূলক

স্টাফ রিপোর্টার : সুষ্ঠুভাবে এসএসসি ও এইচএসসি পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের স্বার্থে পরীক্ষায় নিয়োগপ্রাপ্ত প্রধান পরীক্ষক ও পরীক্ষকদের উত্তরপত্র মূল্যায়নের কাজটি বাধ্যতামূলক করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনের মাধ্যমে গতকাল এ নির্দেশ জারি করেছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, এসএসসি ও

পৃঃ ১৫ কঃ ১

## এসএসসি ও

প্রথম পৃষ্ঠার পর

এইচএসসি পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের জন্য নিয়োগপ্রাপ্ত প্রধান পরীক্ষক ও পরীক্ষক বিভিন্ন অজুহাতে উত্তরপত্র বিতরণের সময় অনুপস্থিত থাকেন লক্ষ্য করা গেছে। ফলে উত্তরপত্র সঠিক সময়ে বিতরণ করা সম্ভব হয় না। নির্ধারিতসংখ্যক পরীক্ষক উপস্থিত না হওয়ার কারণে স্বল্পসংখ্যক শিক্ষককে উত্তরপত্র বিতরণ করতে হয় বিধায় পরীক্ষক প্রতি উত্তরপত্রের সংখ্যা বেড়ে যায়। এতে উত্তরপত্র পরীক্ষণে বিলম্ব হয়। এ ছাড়া ভুল ও অবমূল্যায়ন হওয়ার আশংকা থাকে।